সমকাল

তারিখ 26 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম 2

# কলেজে 'ভর্তিযুদ্ধ' শুরু আজ

■ বিশেষ প্রতিনিধি

নেই কোনো ভর্তি পরীক্ষা, তবুও সারাদেশের কলেজগুলোতে একাদশ শ্রেণীর (২০১৬-১৭ শিক্ষাবর্ষ) ভর্তি নিয়ে শিক্ষার্থীদের মধ্যে এক ধরনের 'যুদ্ধ'ই শুরু হচ্ছে আজ বৃহস্পতিবার থেকে। এ যুদ্ধ মানসম্মত কলেজে নিজের আসন নিশ্চিত করার। দেশের সব সরকারি-বেসরকারি কলেজে একাদশ শ্রেণীতে (উচ্চমাধ্যমিক) শিক্ষার্থী ভর্তির আবেদন গ্রহণ শুরু হচ্ছে আজ ২৬ মে থেকে। গত বছরের মতো এবারও অনলাইন ও মোবাইল ফোনের এসএমএসের মাধ্যমে ভর্তির আবেদন করতে হবে। মাধ্যমিকের ফলের ভিত্তিতে মেধাক্রম তৈরি করে দেবে শিক্ষা বোর্ড। এবার একাদশ শ্রেণীর ভর্তিতে শিক্ষার্থীরা গতবারের পাঁচটির স্থলে পছন্দের ২০টি কলেজের নাম দিতে পারবে। ভোগান্তি ও জালিয়াতি ঠেকাতে ভর্তির আবেদনের ক্ষেত্রেও এবার নতুন কিছু পরিবর্তন আনা হয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান সমকালকে বলেন, একাদশ শ্রেণীতে আসনের কোথাও কোনো সংকট নেই। তাদের হিসাবে আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন সব কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসা মিলিয়ে প্রায় সাড়ে ৪ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ শ্রেণীতে মোট আসন সংখ্যা ১৯ লাখ ৬৬ হাজার। আর এ বছর ১০টি শিক্ষা বোর্ড থেকে মাধ্যমিক পাস করেছে ১৪ লাখ ৫২ হাজার ৬০৫ জন। তাদের মধ্যে ৮ লাখ ৪১ হাজার ৪৭ ছাত্র ও ৮ লাখ ৪ হাজার ১৫৪ ছাত্রী। তাই সরকারি হিসাবে এ বছর ৫ লাখ ১৪ হাজার আসন শূন্য থাকবে। মাধ্যমিকের ফল অনুসারে, এ বছর সর্বোচ্চ ফল জিপিএ ৫ পেয়েছে ১ লাখ ৯ হাজার ৭৬১ জন। অথচ রাজধানী ঢাকার ৩৯টিসহ সারাদেশের বিভাগীয় ও জেলা সদর মিলে মানসম্মত প্রায় ৮০টি কলেজে একাদশ শ্রেণীতে আসন সংখ্যা ৭৫ হাজারের মতো। সে হিসাবে ৩৪ হাজার ৭৬১ জন সর্বোচ্চ মেধাবী মানসম্মত কলেজে তার আসন

■ পৃষ্ঠা ১৫ : কলাম ১

## কলেজে 'ভর্তিযুদ্ধ' শুরু

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

নিশ্চিত করতে পারবে না। আর ভর্তির মূল লড়াইটা মূলত এখানেই।

শিক্ষা মন্ত্রণালয় থেকে জানা গেছে, এবার কলেজে ভর্তিতে প্রথমবারের মতো প্রবাসীদের সন্তান ও বিকেএসপির শিক্ষার্থীদের জন্য দশমিক ৫ শতাংশ (আধা) করে কোটা রাখা হয়েছে। শিক্ষার্থীরা অনলাইনে ১০টি কলেজ এবং এসএমএসের মাধ্যমে আরও ১০টি কলেজে আবেদন করতে পারবে। মোট ২০টি কলেজে আবেদনের সুযোগ থাকছে। এ ছাড়া এবার ওয়েবসাইটে লগইন করতে হলে পাসের সাল, বোর্ড, রোল নম্বরের সঙ্গে রেজিস্ট্রেশন নম্বরও লাগবে। এবার ভর্তি ফরম পূরণের আগেই টেলিটকের মাধ্যমে ফি পরিশোধ করতে হবে। এ ছাড়া শিক্ষার্থীরা যেসব কলেজে আবেদন করবে এর প্রতিটিতেই তাদের নাম রাখা হবে। মেধাক্রম অনুসারে চাহিদার বিপরীতে আসন সংখ্যায় শিক্ষার্থীদের সিলেকশন দেওয়া হবে। আর বাকিদের অপেক্ষমাণ তালিকায় মেধাক্রম অনুসারে রাখা হবে।

গত কয়েক বছরের মতো এ বছরও রাজধানীর তিনটি সেরা শিক্ষা প্রতিষ্ঠান ভর্তি পরীক্ষা নিয়ে তাদের পছন্দ মতো শিক্ষার্থী ভর্তি করবে। আদালতের অনুমতি নিয়ে নটর ডেম, হলিক্রস ও সেন্ট জোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় তাদের মতো করে ভর্তি পরীক্ষা নেবে। খ্যাতনামা এ তিনটি কলেজে আসন রয়েছে প্রায় পাঁচ হাজার ১০০টি। নটর ডেম কলেজ এরই মধ্যে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। ২৫, ২৬ ও ২৮ মে এ কলেজে ফরম বিতরণ চলবে। ১ জুন প্রাথমিকভাবে মনোনীতদের তালিকা প্রকাশ করা হবে। ৩ ও ৪ জুন লিখিত ও মৌখিক পরীক্ষা হবে।

**ভর্তি যেভাবে :** ভর্তি নীতিমালা অনুযায়ী এ বছর অনলাইনে সর্বোচ্চ ১০টি এবং এসএমএসে আরও ১০টি কলেজে আবেদনের সুযোগ রাখা হয়েছে। আজ থেকে ৯ জুন পর্যন্ত আবেদন করা যাবে। মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে ১৬ জুন। বিলম্ব ফি ছাড়া ১৮ থেকে ৩০ জুন পর্যন্ত ভর্তি হওয়া যাবে। আর বিলম্ব ফি দিয়ে ১০ থেকে ২০ জুলাই পর্যন্ত ভর্তি হতে পারবে শিক্ষার্থীরা। একাদশের ক্লাস শুরু হবে ১০ জুলাই। অনলাইনে আবেদনের জন্য www.xiclassadmission.gov.bd ওয়েবসাইট ব্যবহার করতে হবে। এসএমএসের মাধ্যমে আবেদন শুধু টেলিটক প্রিপেইড মোবাইল থেকে করা যাবে।